গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দেবিদ্বার, কুমিল্লা
debidwar.comilla.gov.bd

## অস্থায়ী গরু-ছাগলের হাট/বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলাপ্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার শাখা, কুমিল্লা'র ২৬ জুন ২০২২ তারিখের ০৫.৪২.১৯০০.০০৯.৪১.০১৩.২২-৮৫০ নং স্মারকে অনুমোদিত আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা/২০২২ উপলক্ষে স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা অনুসরনপূর্বক সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে স্থাপিত কোরবানীর পশু তথা গরু ছাগলের হাট/বাজার ইজারা দেয়ার উদ্দেশ্যে আগ্রহী ইজারাদারদের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রে উদ্ধৃত সাকুল্য মূল্যের শতভাগ টাকা যে কোন তফসিলি ব্যাংক হতে ড্রাফট/পে-অর্ডার মারফত উপজেলা নির্বাহী অফিসার, দেবিদ্বার, কুমিল্লা এর বরাবর দাখিল করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, দেবিদ্বার এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে। উপজেলা নির্বাহী অফিসার, দেবিদ্বার কর্তৃক ঐ দিন দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। প্রতিটি বাজারের সর্বোচ্চ দরদাতাকে দরপত্র গৃহীত হওয়ার পরের দিন সাকুল্য মূল্যের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়করসহ সংশ্লিষ্ট কোড নম্বরে জমা দিয়ে জমার রশিদ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্রে উল্লিখিত সাকুল্য টাকা বাজেয়াপ্তসহ ইজারা আদেশ বাতিল করা হবে। সংশ্লিষ্ট অস্থায়ী গরু-ছাগলের হাট/বাজার নিজ দায়িত্বে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। এ সংক্রান্ত বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের যে কোন আদেশ বলবৎ থাকবে (যখন যা আদেশ হয়)। ইজারাযোগ্য অস্থায়ী গরু-ছাগলের হাট/বাজারের বিবরণ নিম্নে দেয়া হলো।

| ক্রমিক নং | অস্থায়ী গরু-ছাগলের হাট/বাজারের নাম | সিডিউলের মূল্য (অফেরতযোগ্য) | সরকারি মূল্য |
|---|---|---|---|
| ১. | রসুলপুর বাজার | ১,৪০০/- | ৩,০২,৯৩০/- |
| ২. | খলিলপুর বাজার | ৫০০/- | ৭৪,৭১৬/- |
| ৩. | বারুর বাজার | ৫০০/ | ৩৩,০৯০/- |
| ৪. | চুলাশ বাজার | ৫০০/ | ৮,২৩৩/- |
| ৫. | রাজামেহার বাজার | ৫০০/ | ৩৮,৯০২/- |
| ৬. | ফুলতলী বাজার | ৫০০/ | ২৭,৮২৫/- |
| ৭. | সাইচাপাড়া বাজার | ৫০০/ | ২৭,৩৪৮/- |
| ৮. | সুলতানপুর বাজার | ৫০০/ | ৪৬,৭৮১/- |
| ৯. | বিহারমন্ডল বাজার | ৫০০/ | ৯,০১০/- |
| ১০. | গুনাইঘর বাজার | ৫০০/ | ৮১,৩০২/- |
| ১১. | এলাহাবাদ বাজার | ১,০০০/- | ১,২২,১৪৭/- |
| ১২. | জাফরগঞ্জ বাজার | ৫০০/ | ৩,৬০৪/- |
| ১৩. | বটতলী বাজার | ৫০০/ | ৫,৩০০/- |
| ১৪. | হাপুরখাড়া বাজার | ৫০০/ | ৭,৫২৬/- |
| ১৫. | ধামতী বাজার | ৫০০/ | ৪৩,৬১৯/- |
| ১৬. | মাশিকাড়া বাজার | ৫০০/ | ৯৩,২২৭/- |
| ১৭. | কুরুইন মঙ্গলের পুকুর পাড় বাজার | ৫০০/ | ৩৭,২৮৭/- |
| ১৮. | ছেচড়াপুকুরিয়া উত্তর পাড়া বাজার | ৫০০/ | ৬,৩৬০/- |
| ১৯. | ফাগুন্ডা বাজার | ৫০০/ | ৭,৪২০/- |
| ২০. | বুড়িরপাড় হাট | ৫০০/ | ৫৮,২২৯/- |
| ২১. | ওয়াহেদপুর বাজার | ৫০০/ | ১৮,৮৫৭/- |
| ২২. | নবিয়াবাদ অস্থায়ী পশুর হাট | ৫০০/ | ১১,১৩০/- |
| ২৩. | প্রেমু বাজার | ৫০০/ | ৬,৩৬০/- |
| ২৪. | উজানীকান্দি বাজার | ৫০০/ | ৮,১০৯/- |
| ২৫. | ছেপাড়া বাজার | ৫০০/ | ৮,৪৮০/- |
| ২৬. | হোসেনপুর বটতলা | ৫০০/ | ৭,৪২০/- |
| ২৭. | তুলাগাঁও বাজার | ৫০০/ | ৫,৩০০/- |
| ২৮. | বাগুর বাজার | ৫০০/ | ১০,৬০০/- |
| ২৯. | আতাপুর বাজার | ৫০০/ | ৩৫,০০০/- |
| ৩০. | ব্রাহ্মণখাড়া বাজার | ৫০০/ | ১০,০০০/- |

| | | | |
|---|---|---|---|
| ৩১. | সাহারপাড় ইউনিয়ন পরিষদ সংলগ্ন বাজার | ৫০০/ | ২৩,৩২০/- |
| ৩২. | এগারগ্রাম বাজার | ৫০০/ | ১৫,০০০/- |
| ৩৩. | পদ্মকুট বাজার | ৫০০/ | ৫,০০০/- |

সীলমোহরকৃত দরপত্র ক্রয় ও দাখিলের সময়সূচি নিম্নরূপ :

| দরপত্র ফরম (সিডিউল) ক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় | সীলমোহরকৃত দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় |
|---|---|---|
| ২৮/০৬/২০২২ বিকাল ৫.০০ ঘটিকা | ২৯/০৬/২০২২ দুপুর ১.০০ ঘটিকা | ২৯/০৬/২০২২ বিকাল ৩.০০ ঘটিকা |

বিস্তারিত তথ্য জানতে ভিজিট করুন www.debidwar.comilla.gov. bd অথবা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে যোগাযোগ করুন।

২৬/৬/২২
মোঃ আশিক উন নবী তালুকদার
উপজেলা নির্বাহী অফিসার
দেবিদ্বার, কুমিল্লা।

কুমিল্লা জেলার দেবিদ্বার উপজেলাধীন অস্থায়ী হাট-বাজারসমূহ ২০২২ সনের ইজারা দরপত্র সংক্রান্ত শর্তাবলী ঃ

০১। সড়ক/মহাসড়কের পাশে কোন ক্রমেই পশুর হাট বসানো যাবে না। এ নির্দেশনা অমান্যকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্টের মাধ্যমে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-২ শাখা কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ, খেলার মাঠ, রেললাইন ও সড়ক মহাসড়কের সন্নিকটসহ জনদুর্ভোগ সৃষ্টি হয় এমন স্থানে পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে অস্থায়ী পশুর হাট না বসানোর বিষয়ে নির্দেশনা রয়েছে।

০২। কোরবানীর পশুর হাট ব্যবস্থাপনা এবং পশু কোরবানীকালীন স্বাস্থ্য বিভাগ ও স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রণীত গাইড লাইন যথাযথভাবে অনুসরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৩। সকল পশুর হাটে পশুর সুস্থতা যাচাই করার জন্য ভেটেরিনারি চিকিৎসক/সার্জন এর অবস্থান নিশ্চিত করতে হবে এবং কোরবানী পশুর হাটে নিরাপত্তা বিধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৪। ডিজিটাল সেন্টারের মাধ্যমে ডিজিটাল প্লাটফর্মে পশুর হাট আয়োজনের বিষয়ে অগ্রাধিকার প্রদান করতে হবে।

০৫। প্রতিটি হাটের প্রবেশপথ **"মাস্ক ব্যতীত হাটে প্রবেশ নিষেধ"** এবং **"No Mask, No Entry & No Mask, No Sale"**- এ লেখাটি ব্যানারে লিখে প্রয়োজনীয় সংখ্যক স্থানে সাঁটানোর ব্যবস্থা গ্রহণপূর্বক ব্যাপক প্রচারসহ উপস্থিত সকলকে মাস্ক পরিধানের বিষয়টি নিশ্চিত করতে হবে।

০৬। অস্থায়ী পশুর হাট স্থাপন বা ইজারা প্রদান বা মালিকানার বিষয়ে বিজ্ঞ আদালতে কোন মামলা মোকদ্দমা সংক্রান্ত আইনগত জটিলতা থাকলে বিজ্ঞ আদালতের সর্বশেষ আদেশ বাস্তবায়ন করতে হবে।

০৭। অস্থায়ী পশুর হাট স্থাপনের জন্য অনুমোদন প্রদানকৃত স্থানসমূহ ব্যতীত অন্যত্র অধিকতর সুবিধাজনক স্থানে অস্থায়ী পশুর হাট স্থাপন করা যাবে না।

স্মারক নং-০৫.২০.১৯৪০.০০০.৩৮.০৩৭.২২-৮৮৮,

তারিখ: ১২ আষাঢ় ১৪২৯ / ২৬ জুন ২০২২

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কাযার্থে প্রেরণ করা হলো ঃ-

১। মাননীয় সংসদ সদস্য ২৫২ কুমিল্লা-৪ (দেবিদ্বার)
২। জেলাপ্রশাসক, কুমিল্লা।
৩। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবিদ্বার, কুমিল্লা।
৫। সহকারী কমিশনার (ভূমি), দেবিদ্বার, কুমিল্লা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনী ব্যবস্থা গ্রহণপূর্বক উল্লিখিত ১ম পর্যায়ে ধার্য তারিখে উপস্থিত হয়ে ইজারা কার্যে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।
৬। উপজেলা..........................................................................কর্মকর্তা, দেবিদ্বার, কুমিল্লা।
৭। চেয়ারম্যান......................................................................ইউপি (সকল), দেবিদ্বার, কুমিল্লা। জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য ।
৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,..............................................ইউনিয়ন ভূমি অফিস, দেবিদ্বার, কুমিল্লা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচার করে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

২৬/৬/২২
উপজেলা নির্বাহী অফিসার
দেবিদ্বার, কুমিল্লা।